



রাজধানীতে অটোরিকশা চালকদের সড়ক অবরোধ



ছবি: সংগৃহীত

বিদ্যুৎ সংযোগ পুনঃস্থাপন ও পুলিশি হয়রানি বন্ধসহ তিন দফা দাবিতে রাজধানীতে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন অটোরিকশাচালকরা। সোমবার (৫ অক্টোবর) দুপুরে জাতীয় প্রেসক্লাবের সামনের সড়কে অবস্থান নিয়ে তারা বিক্ষোভ করেন।

অটোরিকশাচালকরা বলেন, ব্যাটারি চার্জ দেওয়ার জন্য ব্যবহৃত বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়ায় তারা গাড়ির ব্যাটারি চার্জ দিতে পারছেন না। এতে অটোরিকশা চালাতে না পেরে অনেকেই আর্থিক সংকটে পড়েছেন।

বিক্ষোভকারীরা অটোরিকশা ও ইজিবাইকের চলাচলের জন্য সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন এবং বৈধ অনুমতি ও লাইসেন্স দেওয়ার দাবিও জানান। তারা দ্রুত বিদ্যুৎ সংযোগ ফিরিয়ে দেওয়ার পাশাপাশি পুলিশি হয়রানি বন্ধের দাবি তোলেন।

সড়কে তাদের অবস্থানের কারণে যান চলাচল ব্যাহত হয়। এতে আশপাশের বিভিন্ন এলাকায় যানজট সৃষ্টি হলে ভোগান্তিতে পড়েন যাত্রী ও পথচারীরা।

তিন দফা দাবি দ্রুত বাস্তবায়ন না হলে আরও কঠোর কর্মসূচি দেওয়ার ইশিয়ারি দেন বিক্ষোভকারীরা।